

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৯১

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৬

২৮ এপ্রিল ২০১৯

বিষয়: বিষয় খোলার অনুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, যশোর, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, দিনাজপুর ও বরিশাল এর সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত কলেজসমূহে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	কলেজ নাম ও ঠিকানা	বিষয়
১.	এম ই এইচ আরিফ কলেজ, সদর, গাজীপুর	কৃষি শিক্ষা
২.	আব্দুল আউয়াল ডিগ্রি কলেজ, শ্রীপুর, গাজীপুর	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৩.	জনতা মহাবিদ্যালয়, ছাতক, সুনামগঞ্জ	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪.	কদম রসুল কলেজ, বন্দর, নারায়নগঞ্জ	পরিসংখ্যান
৫.	শহীদ রওশন আলী খান কলেজ, বাসাইল, টাঙ্গাইল	ইতিহাস
৬.	করিমগঞ্জ পৌর মডেল কলেজ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ	যুক্তি বিদ্যা
৭.	উদাখালী মডেল কলেজ, ফুলছড়ি, গাইবান্ধা	ইতিহাস
৮.	পালাখাল রোসুম আলী ডিগ্রি কলেজ, কচুয়া, চাঁদপুর	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৯.	দল্টা ডিগ্রি কলেজ, সদর, লক্ষ্মীপুর	ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
১০.	গার্লস ক্যাডেট কলেজ, সদর, ময়মনসিংহ	গার্হস্থ্যবিজ্ঞান
১১.	কাউখালী মহিলা কলেজ, কাউখালী, পিরোজপুর	কৃষিশিক্ষা
১২.	রংপুর সিটি কলেজ, সদর, রংপুর	পরিসংখ্যান ও মনোবিজ্ঞান
১৩.	মাহিগঞ্জ কলেজ, মাহিগঞ্জ, রংপুর	গার্হস্থ্য অর্থনীতি ও ভূগোল
১৪.	নরসিংদী পাবলিক কলেজ, সদর, নরসিংদী	অর্থনীতি
১৫.	পায়রাহাট ইউনাইটেড কলেজ, অভয়নগর, যশোর	ভূগোল, যুক্তি বিদ্যা
১৬.	শহীদ জিয়াউর রহমান মহাবিদ্যালয়, ডিমলা, নীলফামারী	ফিন্যান্স ব্যাংকিং ও বিমা
১৭.	রেবা রহমান ডিগ্রি কলেজ, সদর, ভোলা	ভূগোল

শর্তসমূহ:

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;

- ৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।



২৮-৪-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান,

ঢাকা।/রাজশাহী।/কুমিল্লা।/যশোর।/চট্টগ্রাম।/সিলেট।/বরিশাল।/দিনাজপুর।/ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৯১/১

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৬
২৮ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) অধ্যক্ষ,
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৮-৪-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)